# বার্ষিক অডিট প্রতিবেদন

**অডিট বর্ষঃ ২০২১-২০২২**

**প্রথম অংশঃ সমিতির প্রফাইল**

**সমিতির ধরন ঃ** সক্রিয়

**আই.ডি নং ঃ 403090011**

১।সমিতির নাম ঃ **রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ**

২। সমিতির ঠিকানা ঃ গ্রামঃ রামরামপুর আশ্রয়ন, পোষ্ট# ভিওইল , উপজেলা# সাপাহার,জেলা# নওগাঁ

৩। রেজিষ্ট্রেশন নম্বর ঃ ১১তারিখ ঃ ১০/০৫/১৯৯৮ইং

৪। সমিতির মূল কার্যক্রম ঃ পুঁজি গঠন

৫। কেন্দ্রীয় সমিতির নাম ঃ সমিতি কোন কেন্দ্রীয় সমিতির সদস্য নয়

৬। সমিতি প্রতিষ্ঠার তারিখ ঃ ১০/০৫/১৯৯৮ তারিখ হতে

৭।কার্যকরীএলাকাঃ রামরামপুর আশ্রয়ন গ্রাম ব্যাপী

**৮। সদস্য সংখ্যা ঃ**

| **প্রারম্ভিক জের** | | **পূর্ববর্তী বছর** | **বর্তমান বছর** |
|---|---|---|---|
| অডিট বর্ষে অন্তর্ভূক্তি | জন | ১৬১ | ১৬১ |
| সদস্য পদ বাতিল | | -- | |
| সমাপনী জের | | ১৬১ | ১৬১ |

৯। **ব্যবস্থাপনা কমিটির সদস্য ঃ**

| **নাম** | | **পদবী** | **নির্বাচনের তারিখ** | **১ম সভার তারিখ** |
|---|---|---|---|---|
| ১. | মোসাঃ মনজুয়ারা বেগম | সভাপতি | ১২/১২/২০২০ | ১২/১২/২০২০ |
| ২. | মোঃ ফয়েজ উদ্দীন | সহ-সভাপতি | ১২/১২/২০২০ | ১২/১২/২০২০ |
| ৩. | মোঃ হাফিজ উদ্দীন | সম্পাদক | ১২/১২/২০২০ | ১২/১২/২০২০ |
| ৪. | মোঃ তোফাজ্জল হোসেন | সদস্য | ১২/১২/২০২০ | ১২/১২/২০২০ |
| ৫. | মোসাঃ মরিয়ম বেগম | সদস্য | ১২/১২/২০২০ | ১২/১২/২০২০ |
| ৬. | মোসাঃ রুবিনা বেগম | সদস্য | ১২/১২/২০২০ | ১২/১২/২০২০ |

১০। **পূর্ববর্তী নিরীক্ষক ঃ**

| **নাম** | **পদবী** |
|---|---|
| **এস এম জাহাঙ্গীর** | সহঃ পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়,সাপাহার, নওগাঁ |

১১। **বর্তমান নিরীক্ষক ঃ**

| **নাম** | **পদবী** |
|---|---|
| **এস এম জাহাঙ্গীর** | সহঃপরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়,সাপাহার, নওগাঁ |

১২। নিরীক্ষা কাল ঃ ০১/৭/২০২১ ইং হইতে ৩০/০৬/২০২২ ইং পর্যন্ত

১৩। নিরীক্ষা সমাপ্তির তারিখ ঃ ০৩/০৭/২০২২

১৪। সর্বশেষ বার্ষিক সাধারন সভা ঃ ১২/১২/২০২০।

১৫। বর্তমান কার্যকর কমিটির মেয়াদ কাল ঃ

১৬। সর্বশেষ বার্ষিক সাধারন সভায় নির্ধারিত সর্বোচ্চ ব্যয় ঃ নির্ধারন করা নেই।

ঋণ সীমা ঃ নির্ধারন করা নেই।

১৭। **সুদের হার ঃ**

| শ্রেণী | পূর্ববর্তী বছর | বর্তমান বছর |
|---|---|---|
| পাওনা ঋণের উপর ধার্য | --- | নির্ধারন করা নাই |
| গৃহীত ঋণের উপর প্রদত্ত | --- | নির্ধারন করা নাই |
| সঞ্চয় আমানতের উপর প্রদেয় | --- | নির্ধারন করা নাই |
| ধারের উপর প্রদত্ত/দেনা | --- | নির্ধারন করা নাই |
| শেয়ারের উপর প্রদত্ত/স্থায়ী জমা | --- | নির্ধারন করা নাই |

১৮। মূলধন ঃ অনুমোদিত শেয়ার মূলধন ঃ১,০০,০০০/-টাকা শেয়ারের নামিক মূল্য ঃ ১০০/-টাকা

শেয়ারের মোট সংখ্যা ঃ ১০০০০ টি মোট শেয়ারের মূল্য ঃ ১,০০,০০০ টাকা

| মূলধনের অন্তর্ভুক্ত বিষয়াদি | পূর্ববর্তী বছরের জের টাকা | বর্তমান বছর টাকা | হ্রাস/বৃদ্ধি (%) |
|---|---|---|---|
| নিজস্ব মূলধন | ১৮২৭০ | ১৮২৭০ | |
| ধার করা মূলধন/সঞ্চয় আমানত | ৪৪২১১ | ৪৭২১১ | |

১৯। **কার্যকরী মূলধন ঃ** ক) পূর্ববর্তী বছর ঃ **৬৪৪৮১/- টাকা**

খ) **বর্তমান বছর ঃ ৬৫৪৮১/- টাকা**

২০। **ধার ঃ**

| | পূর্ববর্তী বছরের জের | বর্তমান বছর | হ্রাস/বৃদ্ধি (%) |
|---|---|---|---|
| সদস্যদের নিকট হতে | - | - | - |
| অন্য কোন সমিতি হতে | - | - | - |
| অন্যান্য সংস্থা হতে (ব্যাংক সহ) | - | - | - |

২১। ঋণের সর্বোচ্চ সীমা ঃ নির্ধারন করা নাই

২২। বকেয়া দেনা ঃ নাই

২৩। বছরে আদায়কৃত লাভ ঃ ......................... টাকা

২৪। অডিট বর্ষে অর্জিত নীট লাভ ঃ ......................... টাকা

২৫। হস্তমজুদ তহবিল ঃ ক) বার্ষিক সাধানর সভায় নির্ধারিত ঃ নির্ধারন করা নাই

খ) পূর্ববর্তী বছর ঃ ২৮৫৪/- টাকা গ) বর্তমান বছর ঃ ২৮৫৪/- টাকা

২৬। বর্তমান অডিট বিবরনী প্রস্তুতের তারিখ ঃ ০৩/০৭/২০২২ ইং

২৭। ব্যাংক হিসাব নং ঃ ব্যাংক হিসাব খোলা আছে ক) ৩০ শে জুন ২০২২ ইং তারিখে স্থিতি ঃ ৫৬৩৭০/-

২৮। সমিতির শ্রেণী ঃ সক্রিয়

২৯। অডিট অফিসারের স্বাক্ষর ঃ .............

## দ্বিতীয় অংশ

## রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ

## নিরীক্ষা প্রতিবেদনের অগ্রগতি সমীক্ষাঃ

| পর্যবেক্ষন | ব্যবস্থাপনা কমিটির সাড়া | বাস্তবায়িত | অবাস্তবায়িত | আংশিক বাস্তবায়িত |
|---|---|---|---|---|
| ১.সমবায় সমিতি আইন/০১ এর ৪৭ ধারা মোতাবেক অডিট নোট প্রাপ্তির ৬০ দিনের মধ্যে অডিট সংশোধনী প্রতিবেদন দাখিলের জন্য পরামর্শ। | ব্যবস্থাপনা কমিটির সাড়া নেই | | *অবাস্তবায়িত* | |
| ২.নিজস্ব অফিসঘর সংক্রান্ত | ব্যবস্থাপনা কমিটির সাড়া নেই | | *অবাস্তবায়িত* | |
| ৪. নতুন সদস্য ভর্তিকরণ। | ব্যবস্থাপনা কমিটির সাড়া নেই | | *অবাস্তবায়িত* | |
| ৫, শেয়ার মূলধন বৃদ্ধিকরণ। | ব্যবস্থাপনা কমিটির সাড়া নেই | | *অবাস্তবায়িত* | |
| ৬. সঞ্চয় বৃদ্ধি করণ | ব্যবস্থাপনা কমিটির সাড়া রয়েছে | *বাস্তবায়িত* | | |
| ৮যথা সময়ে সমিতির আইন ও বিধি মোতাবেক বার্ষিক সাধারন সভা অনুষ্ঠানের পরামর্শ। | ব্যবস্থাপনা কমিটির সাড়া রয়েছে | | *অবাস্তবায়িত* | |
| ১১,সমিতির ব্যাংক একাউন্ট খোলা | ব্যবস্থাপনা কমিটির সাড়া রয়েছে | **বাস্তবায়িত** | | |
| ১৮. হস্ত মজুত তহবিল | ব্যবস্থাপনা কমিটির সাড়া রয়েছে | **বাস্তবায়িত** | | |
| ১৯.সমবায় বিভাগ কর্তৃক অনুমোদিত বাজেট স্বাপেক্ষে সমিতির যাবতীয় ব্যয় নির্বাহ করা দরকার। | ব্যবস্থাপনা কমিটির সাড়া রয়েছে | **বাস্তবায়িত** | | |

অডিট অফিস

# ৩য় অংশ

## নিরীক্ষা প্রতিবেদন "শর্তাধীন"

## রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ এর

সদস্যদের প্রতি নিরীক্ষা প্রতিবেদন

আমি প্রচলিত প্রথা ও বিধিবিধান অনুসরন পূর্বক অত্র " **রামরামপুর আবাসন বহুমুখী সমবায় সমিতি লিঃ** " এর ২০২১-২০২২ইং সালের স্থিতিপত্র ও সংশ্লিষ্ট লাভ-ক্ষতির হিসাব এবং নগদ তহবিল প্রবাহ বিধিবদ্ধ নিরীক্ষা কার্য ০৩/০৭/২০২২ ইং তারিখে সম্পন্ন করেছি।

নিরীক্ষক হিসাবে আমার দায়িত্ব সমবায় আইন, বিধিমালা ও সমিতির উপ–আইন দ্বারা নির্ধারিত ও পরিচালিত, তদনুযায়ী সমিতির ৩০জুন/২২ইং তারিখের হিসাব বিবরণীর উপর নিরপেক্ষ অভিমত ব্যক্ত করাই আমার কর্তব্য।

সমবায় সমিতি আইন/২০০১ এর ৪৩(১) ধারায় জেলা সমবায় অফিসার, নওগাঁ মহোদয়ের ২৬/০৬/২০২২ ইং তারিখের ৬৪৫ নং আদেশে ক্ষমতা প্রাপ্ত হয়ে সমিতির ২০২১-২০২২ সনের অডিটকার্য সম্পাদনের জন্য সমিতির কর্তৃপক্ষ বরাবরে অত্র কার্যারয়ের ০৩/০৭/২০২২ইং তারিখের ১২৮ নং স্মারকমূলে নোটিশ প্রদান করি। অতঃপর সমিতির নিরীক্ষাকার্য ০৩/০৭/২০২২ ইং তারিখে সমাপ্ত করি। নিরীক্ষা সম্পাদনের লক্ষ্যে সমিতির সকল দেনাদার ও পাওনাদার গণকে তাদের নিজ নিজ হিসাব মিলিয়ে নেওয়ার জন্য বলা হয়। নিরীক্ষা চলাকালীন সময়ে সমিতির কোন সদস্যের নিকট হতে সমিতির হিসাব সম্পর্কে কোন প্রকার আপত্তি বা অভিযোগ পাওয়া যায়নি। ফলে সমিতিতে রক্ষিত হিসাব এবং সমিতি কর্তৃপক্ষ কর্তৃক উপস্থাপিত হিসাবকে চুড়ান্ড় বিবেচনা করে অত্র নিরীক্ষা কার্য সমাধা করা হল।

নিরীক্ষাকালে পরিলক্ষিত ছোট–খাট ত্রুটি বিচ্যুতি তাৎক্ষনিকভাবে সংশোধন করিয়ে বিভিন্ন বিষয়ের উপর উদ্ভুত সমস্যা সমাধানের পরামর্শ দেওয়া হয়। ইহাছাড়া অভ্যন্ড় রীন নিয়ন্ত্রণ ব্যবস্থা ও হিসাব ব্যবস্থায় যে সকল ত্রুটি বিচ্যুতি ও দুর্বলতা দৃষ্টিগোচর হয়েছে এবং যা তাৎক্ষনিকভাবে সংশোধন করিয়ে নেওয়া সম্ভব হল না তা সংশোধনের নিমিত্তে মন্তব্যসহ নিম্নে আলোকপাত করা হল।

পর্যবেক্ষণ–০১ (সমিতির উদ্দেশ্য ) ঃ

সমিতির মূল কার্যক্রম হলো শেয়ার বিক্রয় এবং সঞ্চয় আমানত গ্রহণের মাধ্যমে পুজিঁ গঠন এবং মাছ চাষের মাধ্যমে সদস্যদের আর্থসামাজিক উন্নয়ন করা । উক্ত কিন্ত উপ-আইনের সংশ্লিষ্ট ধারা প্রতিপালন করা হচ্ছে না ।

প্রভাবঃ সমিতির উদ্দেশ্য বাস্তবায়নে ব্যর্থ হলে সমিতি সংগঠনের প্রকৃত লক্ষ্য ও উদ্দ্যেশ্য অর্জিত হবেনা এবং সদস্যদের সমিতির প্রতি আগ্রহ হারিয়ে যাবে।

সুপারিশঃ সমিতির উদ্দেশ্যসমুহ ১০০% ভাগ বাস্তবায়নের লক্ষ্যে অত্যান্ত সততা ও নিষ্ঠার সহিত তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করার জন্য কার্যনির্বাহী পরিষদের সকল সদস্যগণকে অনুরোধ জানানো হল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

**পর্যবেক্ষন-২ (উপ-আইন সংক্রান্ত)**

অত্র সমিতির জেলা সমবায় অফিসার, নওগা কর্তৃক নিবন্ধিত। সমিতির নিবন্ধন সংক্রান্ত সনদপত্র সহ অন্যান্য কাগজপত্র সমিতিতে সংরক্ষিত আছে দেখা গেল ।

সুপারিশঃ সমিতির কার্যক্রম পরিচালনায় সর্বদা সমবায় সমিতি আইন, বিধিমালা এবং উপ-আইনের বিধি-বিধান অনুশরনের জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরমর্শ দেয়া হল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

**পর্যবেক্ষণ-০৩ ( সমিতির সভ্য নির্বাচনী এলাকা ) ঃ**

নিবন্ধিত উপ-আইন মোতাবেক সমিতির সভ্য নির্বাচনী এলাকা এবং কার্যকরী এলাকা রামারমপুর আশ্রয়ণ গ্রামের মধ্যে সীমাবদ্ধ। সমিতি তার অনুমোদিত সভ্য নির্বাচনী এলাকার মধ্য হতে বিধি মোতাবেক সদস্য ভর্তি করেছে।

**সুপারিশঃ** সভ্য নির্বাচনী এলাকার বাহিরে থেকে কোন সদস্য ভর্তি এবং তাদের সাথে কোন আর্থিক লেনদেন না করার জন্য পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষন- ৪ (সদস্য)

বিগত সনে সদস্যের পরিমান ১৬১ জন ছিল । হাল সনে সদস্য ভতি এবং বাতিল নেই ফলে ৩০/০৬/২০২২ইং তারিখ পর্যন্ত সদস্য সংখ্যা ১৬১ জন। অত্র সমবায় সমিতি নিবন্ধনের পর নতুন কোন সদস্য ভর্তি করা হয় নাই । সদস্য রেজিষ্টার পরীক্ষা করা হয়েছে এবং তা সঠিক আছে। সমিতির অনুমোদিত এলাকার বাহিরে কোন সদস্য ভর্তি করা হয় নি।

প্রভাবঃ সদস্য রেজিষ্টার সমিতির একটি গুরুত্বপূর্ণ দলিল। উহা সঠিকভাবে সংরক্ষণ করা না হলে সমিতির নির্বাচন ও সাধারণ সভা অনুষ্ঠানের ক্ষেত্রে আইনগত জটিলতা সৃষ্টি হতে পারে।

সুপারিশঃ সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৬২ (খ) বিধিমতে ফরম নং ১৪ (ক) তে প্রদত্ত ছক অনুযায়ী সভ্য খতিয়ান সর্বদা হালতক যথাযথভাবে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেওয়া হল। ভবিষ্যতে সদস্য ভর্তি ও বাতিলের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, বিধিমালা ও সমিতির উপ-আইনের বিধিবিধান যথাযথ ভাবে অনুশরনের পরামর্শ দেওয়া হল।
ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

## পর্যবেক্ষন –০৫( সংশোধনী প্রতিবেদন)

নিরীক্ষাকালে দেখা যায় সমিতির ২০২১-২০২২ইং অর্থবছরের বার্ষিক অডিট ০৩/০৭/২০২২ইং তারিখে সম্পাদন হয়েছে। এবং কর্তৃপক্ষ বিগত নিরীক্ষা মন্তবেব্য সংশোধনী দাখিল করেন নাই। যাহা সমবায় সমিতি আইনের ৪৭ ধারায় লঙ্ঘন।
প্রভাবঃ সমিতির অডিট প্রতিবেদনে উল্লিখিত ত্রুটি-বিচ্যুতির সংশোধন পূর্বক সংশোধণী দাখিল করা আইনগত বাধ্যবাধকতা। সংশোধণী দাখিল করা না হলে সমিতির অডিটের উদ্দেশ্য ব্যহত হয় ।
সুপারিশঃ সমবায় সমিতি আইন ২০০১ এর ৪৭ ধারা মোতাবেক অত্র নিরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির ৬০ দিনের মধ্যে প্রতিবেদনে উল্লিখিত ত্রুটি-বিচ্যুতি সমূহ সংশোধন পূর্বক বাস্তব সম্মত সংশোধনী প্রতিবেদন উপজেলা সমবায় অফিসার, সাপাহার , নওগাঁ এর মাধ্যমে জেলা সমবায় অফিসার, নওগাঁ বরাবরে প্রেরনের জন্য সমিতির ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেওয়া হল।
ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

## পর্যবেক্ষন-৬ (ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত )

সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যা ৬ (ছয়) জন। বর্তমান ব্যবস্থাপনা কমিটি ১০/১২/২০২০ তারিখে বিশেষ সাধারণ সভায় নির্বাচিত এবং ১০/১২/২০২০ তারিখে প্রথম সভা করেছে। এর পূর্বে গত ০১/০৯/২০২০ ইং তারিখে নির্বাচন সংক্রান্ত বিশেষ সাধারণ সভার নোটিশ জারী করা হয়েছে। কিন্তু উক্ত নোটিশ সকল সদস্যের নিকট পৌছানো হয়েছে কিনা তা জানা গেল না । নির্বাচনের কাগজপত্র নিবন্ধক মহোদয় বরাবর দাখিল করা হয়েছে কিনা তার প্রমান পাওয়া গেল না । এতে প্রতীয়মান হয় যে, অত্র সমবায় সমিতির নির্বাচন বিধি সম্মতভাবে হয় নি। অত্র সমবায় সমিতির উপবিধি মোতোবেক বছরে ১২টি সভা করার কথা থাকলেও ব্যবস্থাপনা কমিটি ২০২১-২০২২ ইং অর্থ বছরে ১০/১২/২০২০ ইং তারিখে মোট ০৬ টি সভা করেছে।

প্রভাবঃ সমবায় আইন ও বিধিমালার আলোকে সমিতির কার্যক্রম পরিচালানা করা সমিতির ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব। সমিতির কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমবায় আইন ও বিধি অনুসরণ করা না হলে ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম প্রশ্নবিদ্ধ হবে এবং যে কোন সময় আইনগত জটিলতা সৃষ্টি হতে পারে।

সুপারিশঃ প্রতি মাসে নুন্যতম একটি করে সভা অনুষ্ঠান এবং সমিতির কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমবায় আইন ও বিধি অনুশরণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেওয়া গেল ।
ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

## পর্যবেক্ষন- ৭ (সাধারণ সভা )

নিরীক্ষাকালে দেখা যায় সমিতির ২০২০-২০২১ইং অর্থবছরের বার্ষিক অডিট গত ০৬/১২/২০২১তারিখে সম্পাদন হয় ।

প্রভাব ঃ নিয়মিত যথাসময়ে আনুষ্ঠানিক ভাবে সভা অনুষ্ঠান করলে সমিতির কার্যক্রম বিষয়ে সদস্যদের মধ্যে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত হয়।
সুপারিশ ঃ পরবর্তীতে নির্দিষ্ট সময়ের মধ্যে সমবায় সমিতি আইন ও বিধিমালায় নির্ধারিত আলোচ্য সূচী মোতাবেক বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের জন্য পরামর্শ দেওয়া হল।
ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

## পর্যবেক্ষণ-৮ (শেয়ার মূলধন সংক্রান্ত ) ঃ

সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমাণ ১ ০০,০০০/- (এক লক্ষ ) টাকা উহা ২,০০০ টি অংশে বিভক্ত এবং প্রতিটি শেয়ারের মূল্য ১০০/০০ টাকা । আলোচ্য সনে শেয়ার খাতে লেনদেন ও ৩০/০৬/২০২২ ইং তারিখে শেয়ার মূলধনের স্থিতি নিম্নরুপঃ

| গত স্থিতি | হাল সনে বিক্রয় | হাল সনে হস্তান্তর/ফেরত | ৩০/০৬/২০২২এর স্থিতি |
|---|---|---|---|
| ১৮২৭০ | | | ১৮২৭০ |

শেয়ার খতিয়ান হাল নাগাদ লিখা আছে দেখা গেল। ডিটেল লিষ্ট সংযুক্ত করা হলো। ডিটেল লিষ্ট এর সহিত স্থিতি পত্রের গড় মিল নাই।

সুপারিশঃ সমিতির মূলধন গঠনের লক্ষ্যে প্রত্যেক বছর সকল সদস্যগনের নিকট কমপক্ষে একটি করে শেয়ার বিক্রয় নিশ্চিত করার জন্য এবং শেয়ার মূলধন ফেরত প্রদান না করে বিধি মোতাবেক হস্তান্তর করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ-৯ (শেয়ার সার্টিফিকেট) ঃ

৩০/০৬/২০২২ইং পর্যন্ত ১৬১ জন সদস্যের নিকট শেয়ার বিক্রয় করা হয়েছে। বিক্রিত শেয়ারের প্রেক্ষিতে শেয়ার সার্টিফিকেট প্রদান করা হয় নি ।

সুপারিশঃ প্রত্যেক সদস্যকে শেয়ার সার্টিফিকেট প্রদানের এবং শেযার সার্টিফিকেট ইস্যূ রেজিষ্টার সংরক্ষণের ব্যবস্থা করতে পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ–১০ ( সঞ্চয় আমানত ) ঃ

নিরীক্ষা কালে দেখা গেল সমিতি বিভিন্ন নামে সদস্যের নিকট হতে আমানত সংগ্রহ করছে। সমিতি কর্তৃক আলোচ্য সনে সঞ্চয় আমানত গ্রহণ , ফেরত ও ৩০/০৬/২০২২ইং তারিখে গৃহীত সঞ্চয় আমানতের স্থিতি নিম্নরূপঃ

ক)

| বিবরণ | গত স্থিতি | হাল সনে গ্রহণ | হাল সনে ফেরত/পরিঃ | হাল স্থিতি ৩০/৬/২০২২ |
|---|---|---|---|---|
| সঞ্চয় আদায় | ৪৪২১১ | ৩০০০ | | ৪৭২১১/- |

সঞ্চয় আমানতের খতিয়ানসমূহ হালনাগাদ লিপিবদ্ধ ও সংরক্ষিত আছে দেখা যায়।
সুপারিশঃ ১।সমিতির নিবন্ধিত উপ-আইনের সংশ্লিষ্ট বিধান মোতাবেক প্রতি মাসে প্রত্যেক সদস্যের নুন্যতম সঞ্চয় আমানত জমার বিধান নিশ্চিত করার প্রয়োজন।
২। বার্ষিক সাধারণ সভা এবং ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত ব্যতীত সঞ্চয় আমানত ফেরত দেয়া যাবে না।
৩।বার্ষিক সাধারণ সভা এবং ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত ব্যতীত কর্জ গ্রহণ করা যাবে না।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ–১১ ( কর্জ বিতরণ, আদায়, পরিশোধ ও দেনা ) ঃ

অত্র সমবায় সমিতির ঋণ কার্যক্রম নেই ।

পর্যবেক্ষণ–১২ ( অডিট ফি ) ঃ

বর্তমানে কোন অডিট ফি দেনা নাই। ২০২০-২১ সনের অডিটে ০০/- টাকা নীট লাভ হয়েছে। অডিট ফি বাবদ ০০/-টাকা পরিশোধ করাছে।
সুপারিশঃ অডিট ফি ধার্য স্বাপেক্ষে যথা সময়ে পরিশোধ করার জন্য পরামর্শ দেওয়া হলো।
ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন

পর্যবেক্ষণ–১৪ ( বাজেট ) ঃ

সমিতির আলোচ্য সনের আয়–ব্যয় হিসাব পর্যালোচনায় দেখা যায় এজিএম কর্তৃক বাজেট অনুমোদন করা হয় নি । সমবায় বিভাগীয় নির্দেশনা মোতাবেক সমিতির বাৎসরিক বাজেট নিবন্ধক/জেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন নেওয়ার বিধান থাকলেও তা প্রতিপালন করা হয় নাই। আলোচ্য সনে বাজেট বর্হিভূত ব্যয় করা হয় নাই

প্রভাবঃ বাজেটের অতিরিক্ত ব্যয় করা সমিতির ব্যবস্থাপনা কমিটির ক্ষমতার অপব্যবহারের সামিল এবং এজিএম এর সিদ্ধান্ত বহির্ভূত কাজ। এর দায় ব্যবস্থাপনা কমিটির উপর বর্তায় এবং এরূপ কাজের জন্য ব্যবস্থাপনা কমিটি আইনগত প্রশ্নের সম্মুখীন হতে পারে।

সুপারিশঃ সমিতির আয়–ব্যয় অনুমোদিত বাজেটের মধ্যে সীমিত রাখতে হবে। সংগত কারণে বাজেট অতিরিক্ত ব্যয় হলে যথা সময়ে সম্পুরক বাজেট অনুমোদন করে নেওয়ার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ–১৫ (বেতন ভাতা ) ঃ

সমিতির আলোচ্য সনের আয়–ব্যয় হিসাব পর্যালোচনায় দেখা যায় বেতনভাতাভুক্ত কর্মচারী নেই ।

সুপারিশঃ কর্মচারীগণকে সমবায় আইন, বিধি ও সমিতির উপ-আইনের বিধান মোতাবেক নিয়োগ করতে হবে এবং নিয়োগপত্র দিতে হবে। সমিতির বেতন ভাতা খাতে ব্যয় অনুমোদিত বাজেটের মধ্যে সীমিত রাখতে হবে। সংগত কারণে বাজেট অতিরিক্ত ব্যয় হলে যথা সময়ে সম্পুরক বাজেট অনুমোদন করে নেওয়ার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

পর্যবেক্ষণ–১৬ ( স্থাবর সম্পদ/ জমি ) ঃ

নিরীক্ষাকালে দেখা সমিতিতে স্থাবর সম্পদ/ জমি অফিস ঘর আছে ও পুকুর আছে যা ইজারা দেওয়া আছে।

পর্যবেক্ষণ–১৭ ( অস্থাবর সম্পদ– দপ্তর যন্ত্রপাতি ও আসবাবপত্র ) ঃ

সমিতিতে অস্থাবর সম্পদনেই ।

সুপারিশঃ প্রতি বছর নিয়মিত অবচয় ধার্য করে রেজিষ্টার সর্বদা হালনাগাদ সংরক্ষণ করার জন্য পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ–১৮ ( রেকর্ডপত্র সংরক্ষণ ) ঃ

সমিতিতে প্রয়োজনীয় রেকর্ডপত্র যথাযথভাবে ও হালনাগাদ সংরক্ষণ করা হচ্ছে না দেখা গেল। সমিতির রেকর্ডপত্র সংরক্ষণ কার্যক্রম সন্তোষজনক নয়।

সুপারিশঃ সমিতিতে সংরক্ষণযোগ্য যাবতীয় রেকর্ডপত্র সর্বদা হালনাগাদ যথাযথভাবে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ–১৯ ( অফিস ঘর ) ঃ

নিরীক্ষাকালে দেখা গেল সমিতির নিজেস্ব অফিস ঘর রয়েছে ।

পর্যবেক্ষণ–২০ ( চলতি দায় ও চলতি সম্পদের তুলনামূলক অনুপাত ) ঃ

নিরীক্ষাকালে সমিতির ৩০/০৬/২০২২ ইং তারিখ পর্যন্ত সম্পদ ও দায়ের বিশ্লেষণে দেখা যায় মোট দায় অপেক্ষা দেনা বেশী নয় । মুলধন অবক্ষয় করে কোন ব্যয় নির্বাহ করা হয় না ।

সুপারিশঃ সমিতির সদস্যগণের নিকট হতে গৃহীত আমানত ও অন্যান্য উৎস হতে গৃহীত ঋণ/অর্থ লাভজনক ভাবে বিনিয়োগের মাধ্যমে গৃহীত অর্থের নিরাপত্তা নিশ্চিত করার পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ–২১ ( লিকুইড কভার/তারল্য তহবিল ) ঃ

সমবায় সমিতি আইন,২০০১(সংশোধন ,২০০২,২০১৩)এর ধারা ২৬(খ) মোতাবেক পরিশোধীত শেয়ার মূলধনের ২০% এবং আদায়কৃত সঞ্চয় আমানতের ২৫% হিসাবে আমানত সুরক্ষা তহবিল জমার বিধান থাকলেও সমিতি কর্তৃক আনুপাতিক হারে উক্ত তহবিল গঠন করে নাই বা ব্যাংকে জমা রাখেন নাই ।

প্রভাবঃ সমিতিতে প্রয়োজনীয় পরিমাণ তারল্য তহবিল সংরক্ষণ করা না হলে সদস্যদের বিনিয়োগ বা আমানত ফেরতের ক্ষেত্রে তাৎক্ষণিক অর্থ সংকট সহ আমানত প্রবাহে সমস্যার সৃষ্টি হতে পারে।

সুপারিশঃ আইন ও বিধি দ্বারা নির্ধারিত তারল্য তহবিল সংরক্ষণে সচেষ্ট থাকার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটির কোন সাড়া নেই।

পর্যবেক্ষণ–২২ ( আমানত সুরক্ষা তহবিল ) ঃ

সমবায় সমিতি আইন/২০০১ ( সংশোধন-২০১৩) মোতাবেক সমিতির সভাপতি ও নিবন্ধক/ জেলা সমবায় অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত ব্যাংক হিসাব খুলে গৃহীত আমানতের ২৫% আমানত সুরক্ষা তহবিল সমিতিতে সংরক্ষণ এর বিধান রয়েছে। উক্ত বিধান প্রতিপালনের পদক্ষেপ গ্রহণ করা হয় নাই।

প্রভাবঃ সমিতিতে প্রয়োজনীয় পরিমাণ আমানত সুরক্ষা তহবিল সংরক্ষণ করা না হলে সদস্যদের বিনিয়োগ বা আমানত ফেরতের ক্ষেত্রে অর্থ সংকট সহ আমানত প্রবাহে সমস্যার সৃষ্টি হতে পারে।

সুপারিশঃ সমবায় আইন ও বিধি দ্বারা নির্ধারিত আমানত সুরক্ষা তহবিল সংরক্ষণে সচেষ্ট থাকার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটির কোন সাড়া নেই।

পর্যবেক্ষণ–২৩ ( ব্যাংক হিসাব ) ঃ

অত্র সমিতির নামে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, সাপাহার শাখায় একটি ১০০৭৭০৬ হিসাব খোলা রয়েছে মর্মে অডিট কালে দেখা গেল। উক্ত একাউন্টের মাধ্যমে সমিতির সকল প্রকার লেন-দেন সম্পন্ন করা হয়। ৩০/০৬/২০২২ ইং তারিখে উক্ত হিসাবে স্থিতির পরিমান **২৩১৩৩/-** টাক রয়েছে মর্মে অডিটকালে দেখা গেল।

**প্রভাব ঃ** সমিতির আর্থিক লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালিত না হলে হিসাবের স্বচ্ছতা থাকে না।

**সুপারিশঃ** আর্থিক স্বচ্ছতা ও জববদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে সম্ভব সকল ক্ষেত্রে সমিতির যাবতীয় আর্থিক লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করতে হবে।

পর্যবেক্ষণ–২৪ (লাভ - ক্ষতির হিসাব ) ঃ

সমিতির লাভ–ক্ষতির হিসাব মুলে দেখা যায় আলোচ্য সনে ৮২৩- টাকা নীট ক্ষতি হয়েছে ।

**সুপারিশঃ** ব্যয়ের ক্ষেত্রে যথা সম্ভব কৃচ্ছ্রতা সাধন পূর্বক অধিক পরিমান মুনাফা অর্জনে আরো সচেষ্ট থাকার জন্য পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ–২৫ (সাধারণ সঞ্চিতি তহবিল ) ঃ

৩০/০৬/২০২১ ইং তারিখে অত্র তহবিলের পরিমান ছিল ৭৫/- । আলোচ্য সনে ধার্য ৭৫/- ফলে ৩০/০৬/২০২২ ইং তারিখে উক্ত তহবিলে স্থিতির পরিমান ৭৫/- টাকা। পৃথক ব্যাংক হিসাব খুলে এই তহবিলের টাকা জমা রাখা হয় নাই।।

সুপারিশঃ উক্ত টাকা পৃথক ভাবে ব্যাংক হিসাবে জমা / বিনিয়োগ করার জন্য পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ–২৬ (সমবায় উন্নয়ন তহবিল ) ঃ

৩০/০৬/২০২১ ইং তারিখে ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল দেনার পরিমান ছিল-১৫/-টাকা। আলোচ্য বর্ষে সমবায় উন্নয়ন তহবিল ধার্যের পরিমান ০০/- সমিতি আলোচ্য বর্ষে সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ ০০/-টাকা। ফলে ৩০/০৬/২০২২ইং তারিখ পর্যন্ত সমবায় উন্নয়ন তহবিল দেনার পরিমান ০০ টাকা।

সুপারিশঃ পরিশোধযোগ্য উক্ত টাকা " সমবায় উন্নয়ন তহবিল" অন লাইন ব্যাংকিংএর মাধ্যমে জমা প্রদান পূর্বক জমার স্লিপের কপি উপজেলা সমবায় অফিসার, সাপাহার, নওগাঁ এর কার্যালয় জমা দেওয়ার জন্য পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ–২৭ ( কু-ঋণ তহবিল) ঃ

৩০/০৬/২০২১ ইং তারিখে কু-ঋণ তহবিলের পরিমান ছিল ০০/- টাকা। আলোচ্য সনে ধার্য ০০ টাকা এবং কোন কু–ঋণ সমন্বয় নাই। ফলে ৩০/০৬/২০২২ইং তারিখে উক্ত তহবিলে স্থিতির পরিমান ০০টাকা। পৃথক ব্যাংক হিসাব খুলে এই তহবিলের টাকা জমা রাখা হয় নাই।।

সুপারিশঃ উক্ত টাকা পৃথক ভাবে ব্যাংক হিসাবে জমা / বিনিয়োগ করার জন্য পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ-২৮ ( অবন্টিত লাভ) ঃ

৩০/০৬/২০২১ ইং তারিখে অবন্টিত লাভের স্থিতি ছিল = ২০৯৩/- টাকা। আলোচ্য সনে ধায = ১২৬৯/- এবং হাল সনে লভ্যাংশ বিতরণ করা হয় নাই । ফলে ৩০/০৬/২০২২ ইং তারিখ পর্যন্ত অবন্টিত লাভের জের ১২৬৯/- টাকা । বন্টনযোগ্য মুনাফা বিতরনের বিধান থাকলেও তা প্রতিপালন করা নাই।

সুপারিশঃ উক্ত লাভ সদস্য পর্যায়ে শেয়ারের ভিত্তিতে বন্টনের ব্যবস্থা করার জন্য পরামর্শ দেওয়া গেল।

পর্যবেক্ষণ-২৯ (উন্নয়ন মূলক প্রকল্প)

সমিতিতে মাছ চাষ এবং শেয়ার-সঞ্চয় আদায় এবং মাছ চাষ কার্যক্রম ব্যতীত মূলত কোন উন্নয়ন মুলক প্রকল্প চলমান নাই।

সুপারিশঃ সমিতিতে আরো লাভজনক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ-৩০ (মজুদ তহবিল)

৩০/০৬/২০২২ইং তারিখে মজুদ তহবিলের পরিমান নগদ = ৫৮৫৪/- টাকা । অডিট সমাপ্তের দিনে মজুদ তহবিলের পরিমান নগদ =৫৮৫৪/- টাকা। এজি এম কতৃক নির্ধারিত ২০০০/-টাকা। এ জি এম এর সিদ্ধান্তের অতিরিক্ত টাকা হাতে রাখা ঝুকিপূর্ণ এবং সমবায় আইন ও বিধির পরিপন্থী।

সুপারিশঃ অধিক পরিমানে অর্থ হাতে নগদ না রেখে ব্যাংক হিসাবের মাধ্যমে লেনদেন পরিচালনার জন্য পরামর্শ দেওয়া গেল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ-৩১ (নিরীক্ষা কাজে রেকর্ড পত্র উপস্থাপন)

অডিটকালে সমিতি কর্তৃপক্ষ নিম্ন লিখিত রেকর্ড পত্র সমূহ উপস্থাপন করেন ঃ

০১। জমা-খরচ বই, ০২। শেয়ার খতিয়ান, ৩। সঞ্চয় খতিয়ান ৪। রেজুলেশন খাতা ৫। সভ্য তালিকা বই ৬। বার্ষিক সাধারন সভা বহি ৭। নির্বাচন সংক্রান্ত রেজিষ্টার ৮। ৩০/০৬/২০২২ ইং পর্যন্ত হিসাব বিবরণী ৯। অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি।

সুপারিশঃ আর্থিক হিসাবের স্বচ্চতা ও জবাবদিহিতা নিশ্চিত করার স্বার্থে প্রয়োজনীয় রেকর্ডপত্র ও ব্যয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় ভাউচার সমূহ যথাযথভাবে সংরক্ষনের জন্য পরামর্শ প্রদান করা হল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ-৩২ (সমিতির সাফল্যগাথা উপস্থাপন)

অডিটকালে অত্র সমবায় সমিতির কোন সফলতা দৃষ্টিগোচর হয় নাই।

সুপারিশঃ সমিতির দৃশ্যমান সফলতা অর্জন করার জন্য পরামর্শ প্রদান করা হল।

ব্যবস্থাপনা কমিটির সাড়া ঃ এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সচেষ্ঠ থাকবেন বলে জানিয়েছেন।

পর্যবেক্ষণ-৩৩(অন্যান্য বিষয়ে মন্তব্য)

১) সমিতির নামে জমি বা স্থাবর সম্পদ নাই।
২) সমিতির নির্বাচন, প্রথম সভা ও নির্বাচন প্রক্রিয়া সংক্রান্ত বিস্তারিত তথ্য অত্র প্রতিবেদনের প্রোফাইল অংশের নংক্রমিকে এবং প্রতিবেদনের নং পর্যবেক্ষনে উল্লেখ করা হয়েছে।
৩) সমিতির কার্যকরী মূলধনের পরিমাণ অত্র প্রতিবেদনের প্রোফাইল অংশের নং পর্যবেক্ষনে উল্লেখ করা হয়েছে।
৪) সনের স্থিতিপত্র প্রস্তুতকালে পূর্ববর্তী বছরের স্থিতিপত্র যাচাই করা নয়।
৫) উদ্বৃত্তপত্রে প্রদর্শিত দায় দেনার স্বপক্ষে বিস্তারিত তালিকা অত্র অডিট প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে।
৬) অত্র সমিতিতে ঋণ কার্যক্রম রয়েছে এবং এ বিষয়ে অত্র প্রতিবেদনের নং পর্যবেক্ষনে বিস্তারিত উল্লেখ করা হয়েছে।

৭) সমিতিতে বিগত বছর একাধারে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয় এবং এ বিষয়ে অত্র প্রতিবেদনের নং পর্যবেক্ষনে বিস্তারিত উল্লেখ করা হয়েছে।
৮) সমিতিতে ১৯৯৮ সাল হতে বৈধ ব্যবস্থাপনা কমিটি রয়েছে।
৯) সমিতির উপ-আইন অনুযায়ী সকল সদস্যের চাঁদা/ পাওনা হালনাগাদ পরিশোধ করা আছে।
১০) সমিতিতে সদস্য বহি সংরক্ষণ করা হচ্ছে এবং এ বিষয়ে অত্র প্রতিবেদনের ৪ নং পর্যবেক্ষনে উল্লেখ করা হয়েছে।
১১) সমিতির উপ-আইনে বর্ণিত উদ্দেশ্য বাস্তবায়নে সমিতির ব্যবস্থাপনা কমিটি যথেষ্ট সচেতন নয় । উপ-আইনে বর্ণিত উদ্দেশ্য বহির্ভুত কান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে না।
১২) প্রচলিত সমবায় সমিতি আইন ও বিধিমালার পরিপন্থীভাবে সমিতি অসদস্যের সাথে কোন ঋণ কার্যক্রম পরিচালনা করছে না।
১৩) সমিতির কোন উন্নয়ন মূলক প্রকল্প নাই।
১৪) সমিতিতে ব্যাংকিং কার্যক্রমের অনুরুপ কার্যক্রম নেই ।
১৫) সমিতিতে বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্তে র আলোকে সমিতির কার্যক্রম পরিচালিত হচ্ছে ।
১৬) বিশেষ/ বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত ব্যতীত সমিতি কর্তৃক কোন প্রকল্প গ্রহণ বা বাস্তবায়ন করা হয় নাই ।
১৭) সমিতির তারল্য আনুপাতিক হারে সংরক্ষণ করা নাই । কোন তারল্য সংকট রয়েছে।
১৮) সমিতিতে মূলধন অবক্ষয় করে কার্যক্রম পরিচালনা করা হয় নাই।
১৯) সমিতির কার্যক্রম লাভজনক ভাবে পরিচালিত হচ্ছে
২০) সমিতিতে বন্টনযোগ্য মুনাফা ছিল এবং তা আলোচ্য সনে বন্টন করা হয় নাই। বন্টনযোগ্য মুনাফা সৃষ্টি হলে তা সদস্যদের মাঝে বন্টন করার পরামর্শ দেওয়া হয়েছে।
২১) সমিতিতে ধারাবাহিকভাবে ক্ষতি হয় নাই। তবে হাল সনে নীট লাভ /ক্ষতি হয়েছে না
২২) সদস্যগণ কর্তৃক সমিতি হতে ঋণ গ্রহণ করেছে এবং এ বিষয়ে অত্র প্রতিবেদনের ১০ নং পর্যবেক্ষনে বিস্তারিত উল্লেখ করা হয়েছে। ।
২৩) সমিতি হতে ক্ষুদ্র ব্যবসা ও কনজুমার খাতে এবং কৃষি খাতে ঋণ প্রদান করা হয়েছে।
২৪) সমিতিতে আলোচ্য সনে অনুমোদিত বাজেট নাই। অনুমোদিত বাজেটের অতিরিক্ত হয়েছে।
২৫) সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর অত্র প্রতিবেদনের সমিতির প্রোফাইল অংশের ৬ নং ক্রমিকে উল্লেখ করা হয়েছে।

## পর্যবেক্ষণ-৩৪ (১০১, ১০২ ও ১০৩ বিধি বিষয়ে)

১০১ বিধি ঃ নিরীক্ষাকালে সমিতির আর্থিক লেনদেন যাচাই করা হয়েছে। সমিতির কোন কর্মচারী কর্তৃক কোন তহবিল তছরূপের ঘটনা ঘটে নাই।

১০২ বিধি ঃ নিরীক্ষাকালে সমিতি কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যাখ্যা ও তথ্যসহ নিরীক্ষা কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেছেন।

১০৩ বিধিঃ নিরীক্ষাকালে প্রয়োজনীয় তথ্য ও ব্যাখ্যা পাওয়া গিয়াছে। সরবরাহকৃত হিসাব বিবরনী সমবায় আইন ও বিধি মোতাবেক প্রস্ততু করা হয়েছে এবং সমিতির সকল হিসাব বহি সমূহ আইন ও বিধি মোতাবেক সংরক্ষণ করা হচ্ছে । এ ছাড়া সমিতির লক্ষ্য অর্জনের লক্ষ্যে সমিতির কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষ সচেষ্ট নেই ।

উপর্যুক্ত অনুচ্ছেদে বর্ণিত বিষয়াদির আর্থিক ফলাফল ব্যতিত আমি আরও জানাচ্ছি যে,

ক) আমার জ্ঞান ও বিশ্বাসমতে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় সকল তথ্য ও ব্যাখ্যা পেয়েছি এবং এগুলো যাচাই করেছি।

খ) নিরীক্ষা প্রতিবেদনের সাথে সমিতির স্থিতিপত্র ও লাভ-ক্ষতির হিসাব সংগতি পূর্ন। সমবায় সমিতি বিধিমালা ২০০৪ অনুযায়ী প্রণীত সমিতির হিসাব বহি ও রিটার্ণ সমূহের সাথে মিল রয়েছে।

গ) আমার মতে সমবায় সমিতি আইনানুযায়ী সকল হিসাব বহি সমিতিতে রাখা হয়েছে।

ঘ ) সমিতি কোন অবৈধকাজে অর্থ ব্যয় করে নি এবং সমিতি অর্থ আদায়ে কোন অন্যায় পন্থা অবলম্বন করে নি।

ঙ) সমিতি তার উদ্দেশ্য সফল করার লক্ষ্যে পর্যাপ্ত পদক্ষেপ নেয়া হয় নাই ।

চ) সমিতির অর্থ সমিতির ব্যবসায়িক উদ্দেশ্য ব্যয়িত হয়েছে।

## (সমাপনী মন্তব্য )

অত্র সমবায় সমিতির ২০২১-২০২২ ইং সালের নিরীক্ষা কালে সরবরাহকৃত তথ্য ও রেকর্ড পত্রের উপর ভিত্তি করে অত্র নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। সংশিষ্ট সকলেই সততা, নিষ্ঠা, দায়িত্ববোধ ও আন্তরিকতার সহিত কাজ করলে সমিতিটি আর্থিক সয়ম্ভরতা অর্জন করে সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন সহ অনেক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সক্ষম হবে এই আশাবাদ ব্যক্ত করছি।

পরিশেষে অত্র নিরীক্ষা কাজে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য সংশিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানানো হল।

তারিখঃ ০৩/০৭/২০২২ইং

অডিট অফিসার

# রামরামপুর আশ্রয়ন বহুমুখী  সমবায় সমিতি  লিঃ

## অতি সক্রিয় ,সক্রিয ও নিষ্ক্রিয় সমিতির মূল্যায়নে মোট নম্বরঃ ২০০

( ক) ১৬০ এর অধিক নম্বরঃ অতি সক্রিয়      খ) ১৬০ হতে কম কিন্তু ১২০ হতে বেশী ঃ সক্রিয়      গ) ১২০ হতে কম নম্বর ঃ নিষ্ক্রিয়)

অনার্থিক তথ্যাদিঃ

| ক্রঃনং | বিবরণ | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১ | ব্যবস্থাপনা কমিটির সভা ঃ ক) উপ-আইন মতে সভার সংখ্যাঃ ১২ টি খ)সভা অনুষ্ঠিত হয়েছেঃ ৪টি। সভা অনুষ্ঠানের শতকরা হারঃ ৩৩% । | ১০ | ৩ |
| ২ | সভায় উপস্থিতির হারঃ   ক) উপস্থিতির বাধ্যবাধকতাঃ ৩+ জন, খ) প্রকৃত উপস্থিতি ঃ ৬ জন। উপস্থিতির শতকরা হার ঃ ১০০ % । | ১০ | ১০ |
| ৩ | বার্ষিক সাধারণ সভা   ঃ  ক) নিয়মিত-১০,    খ) মূলতুবি-৫,    গ) অনিয়মিত-০। | ১০ | ১০ |
| ৪ | বাজেট অনুমোদন ঃ     ক) বার্ষিক সভায় অনুমোদিতঃ ১০,   খ) বার্ষিক সভায় অনুমোদিত নয় ঃ ০ । | ১০ | ১০ |
| ৫ | নিরীক্ষা ঃ   ক) যদি নিয়মিত নিরীক্ষা করানো হয়-২, খ) যদি নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সভায় উপস্থাপিত হয়-৪, গ) যদি নিরীক্ষার পর আপত্তি সমূহে ব্যবস্থা গ্রহণ করা হয়-৪ । | ১০ | ৬ |
| ৬ | সমিতির নির্বাচন ঃ ক ) নিয়মিত ও সময়মত নির্বাচন হয়-১০,   খ) আহবায়ক কমিটির মাধ্যমে নির্বাচন-৫ । | ১০ | ১০ |
| ৭ | সদস্যদের প্রশিক্ষন ঃ ক) মোট সদস্য সংখ্যা ঃ ২১জন, খ) প্রশিক্ষনপ্রাপ্ত সদস্য সংখ্যাঃ ৬জন,  প্রশিক্ষন প্রাপ্ত সদস্যের শদতরা হারঃ ২ %। | ১০ | ২ |
| ৮ | সমিতির সামাজিক কল্যাণমূলক  কাজ ঃ ক) হ্যাঁ-১০, খ) সামাজিক কল্যাণমূলক কর্মসূচী আছে কিন্তু বাস্ড়বায়িত হয়নি-৫,  গ) না-০ । | ১০ | ৫ |
| ৯ | সদস্য সংখ্যা ঃ বছরের শুরুতে সদস্য সংখ্যা ঃ ২১খ) নতুন অন্ড় র্ভূক্তিঃ০ নতুন সদস্য সংখ্যার শতকরা হারঃ ০% | ১০ | ০ |
| ১০ | কর্মসংস্থান সৃষ্টিতে অবদান ঃ ক) বেতনভূক্ত কর্মচারী-৫,  খ) সদস্যদের নিয়োগদান-৫, গ) কর্মসংস্থানে অবদান নাই-০। | ১০ | ৫ |
| | মোট= | ১০০ | ৬১ |

আর্থিক তথ্যাদিঃ

| ক্রঃনং | বিবরণ | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১ | শেয়ার মূলধন ঃ ক) গত বছর হতে ১০% বেশী-১০ , খ) গত বছর হতে ১০% এর কম-৫, গ) গত বছর হতে কম -০ । | ১০ | ১০ |
| ২ | সঞ্চয়/জমার বৃদ্ধি/হ্রাসের শতকরা হার ঃ ক) বৃদ্ধি ( সর্বোচ্চ ) -১০ , খ) হ্রাস -০, ( নম্বর বন্টনে জমার/ সঞ্চয়ের অনুপাত বিবেচিত ) | ১০ | ১০ |
| ৩ | বিনিয়োগ ঃ ক) বিনিয়োগের জন্য তহবিল ছিলঃ ০ খ) প্রকৃত বিনিয়োগ হয়েছেঃ ০  ( বিনিয়োগের  শতকরা হার বিবেচনা করে নম্বর বন্টিত ) | ১০ | ০ |
| ৪ | নীট লাভের প্রবৃদ্ধি ঃ ক) বিগত বছর হতে ১০% এর বেশী -১০, খ) বিগত বছর হতে ১০% কম-৫, গ) ক্ষতি বা কোন প্রবৃদ্ধি নাই-০ | ১০ | ১০ |
| ৫ | লভ্যাংশ বিতরণ ( শেয়ার প্রতি ) ঃ ক) গত বছর হতে লভ্যাংশ ১০% এর অধিক বৃদ্ধি-১০, খ) গত বছর হতে লভ্যাংশ ১০% এর কম-৫ ,গ) কোন বৃদ্ধি নাই -০ । | ১০ | ০ |
| ৬ | শেয়ারের অন্ড় র্নিহিত মূল্য ঃ ক) গত বছর হতে  ১০% এর অধিক বৃদ্ধি-১০, খ) গত বছর হতে  ১০% এর কম-৫ ,গ) কোন বৃদ্ধি নাই -০ । | ১০ | ০ |
| ৭ | সম্পদ ও দায়ের অনুপাত ( সম্পদ/ দায় )ক) হ্যাঁ সূচক -১০ , খ)  না সূচক -০ । | ১০ | ১০ |
| ৮ | তরলতার অনুপাত ক) ১-১/২ এর অধিক -১০ , খ) ১-১/২ এর কম -৫ ,  গ) দায়ের হার বেশী -০। | ১০ | ০ |
| ৯ | মোট বিক্রয়/ রাজস্ব হার-( বিগত বছরের তুলনায় ) ক) ১০% এর বেশী-১০ , খ) ১০% এর কম-৫ , গ) কোন প্রবৃদ্ধি নাই- ০ । | ১০ | ১০ |
| ১০ | বিনিয়োগের উপর লাভের হার- ( বিগত বছরের তুলনায় ) ক) ১০% এর বেশী-১০ , খ) ১০% এর কম-৫ ,    গ) কোন প্রবৃদ্ধি নাই- ০ । | ১০ | ১০ |
| | মোট= | ১০০ | ৬০ |

**মন্তব্যঃ প্রাপ্ত মোট নম্বর ১২১ হওয়ায় সমিতির শ্রেণী- সক্রিয়।**

অডিট অফিসার

# রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ

***-এর***

## ***২০২১-২০২২ সনের অডিট প্রতিবেদন ।***

রেজি নং ১১তারিখ ঃ ১০/০৫/১৯৯৮ ইং

***আই.ডি নং*** 403090011

***<u>অডিট অফিসার</u>***

(এস,এম জাহাঙ্গীর)

সহকারী পরিদর্শক

সাপাহার, নওগাঁ

বরাবর ,

জেলা সমবায় অফিসার, নওগাঁ।

মাধ্যমঃ উপজেলা সমবায় অফিসার,সাপাহার, নওগাঁ।

বিষয়ঃ **রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ**,সাপাহার, নওগাঁ **এর ২০২১-২০২২ইং অর্থ বছরের অডিট প্রতিবেদনের সংশোধনী প্রতিবেদন দাখিল।**

## ২০২১-২০২২ইং অর্থ বছরের অডিট প্রতিবেদনের সংশোধনীঃ

| ক্রঃ নং | পর্যবেক্ষন নং | অডিট অফিসারের মন্তব্য | সংশোধনী মন্তব্য | উপজেলা সমবায় অফিসারের মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | পর্যবেক্ষণ–০১ঃ<br>সমিতির উদ্দেশ্য | উপ-আইনের সংশ্লিষ্ট ধারা প্রতিপালন করা হচ্ছে না । | **সমিতির উদ্দেশ্য বাস্তবায়নে যথাযথ ব্যবস্থাগ্রহণ করা হয়েছে।** | |
| ২. | পর্সবেক্ষণ–০৫(সংশোধনী প্রতিবেদন | বিগত নিরীক্ষা মন্তবের সংশোধনী নাই। যাহা সমবায় সমিতি আইনের ৪৭ ধারায় লজ্ঘন। | **একান্তই ভুলবশত এমনটা হয়েছে। আগামীতে যেন না হয় সে বিষয়ে সচেতন থাকা হবে।** | |
| ৩. | পর্যবেক্ষন-৬ (ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত ) | উপবিধি মোতোবেক বছরে ১২টি সভা করার কথা থাকলেও ব্যবস্থাপনা কমিটি ২০২১-২০২২ইং অর্থ বছরে মোট ০৬ টি সভা করেছে। | **একান্তই ভুলবশত এমনটা হয়েছে। আগামীতে যেন না হয় সে বিষয়ে সচেতন থাকা হবে।** | |
| ৪. | পর্যবেক্ষণ–১৯ঃ<br>অফিস ঘর | নিরীক্ষাকালে দেখা গেল সমিতির নিজেস্ব অফিস রয়েছে । | **ইতি মধ্যে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা হয়েছে।** | |
| ৫. | পর্যবেক্ষণ–২৫ঃ<br>সাধারণ সঞ্চিতি তহবিল | সাধারণ সঞ্চিতি তহবিলের টাকা পৃথক ব্যাংক হিসাব খুলে এই তহবিলের টাকা জমা রাখা হয় নাই। | **ইতি মধ্যে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা হয়েছে।** | |
| ৬. | পর্যবেক্ষণ–২৭ ঃ | কু-ঋণ তহবিলের টাকা | **ইতি মধ্যে এ বিষয়ে** | |

| | | | | |
|---|---|---|---|---|
| | কু-ঋণ তহবিল | পৃথক ব্যাংক হিসাব খুলে এই তহবিলের টাকা জমা রাখা হয় নাই। | **প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা হয়েছে।** | |
| ৭. | পর্যবেক্ষণ-৩০ঃ<br><br>মজুদ তহবিল | এ জি এম এর সিদ্ধান্তের অতিরিক্ত টাকা হাতে রাখা ঝুকিপূর্ণ এবং সমবায় আইন ও বিধির পরিপন্থী। | এখন থেকে এ জি এম এর সিদ্ধান্তের অতিরিক্ত টাকা হাতে রাখা হবে না | |

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ,,**সাপাহার, নওগাঁ **এর ২০২১-২০২২ইং অর্থ বছরের অডিট প্রতিবেদনের সংশোধনী প্রতিবেদন অত্রসাথ দাখিল করা হলো।**

**বিনীত নিবেদক**

**সভাপতি**

**রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ,**
**সাপাহার,নওগাঁ।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়,
সাপাহার,নওগাঁ।

স্মারক নং -  তারিখ ঃ ০৩/০৭/২০২২

বিষয় ঃ **রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ**,, সাপাহার, নওগাঁ-এর ২০২১-২০২২ সনের নিরীক্ষা প্রসঙ্গে।

সূত্রঃ জেলা সমবায় অফিসার, নওগাঁ মহোদয়ের এর ২৬/০৬/২০২২ ইং তারিখের ৬৪৫ নং আদেশপত্র।।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে **রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ**, এর ২০২১-২০২২ আর্থিক বছরের নিরীক্ষা কার্য সম্পাদনান্তে এক প্রস্থ নিরীক্ষা প্রতিবেদন তাঁর সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো । সমবায় সমিতি আইন/০১(সংশোধীত/১৩) এর ধারা ৪৭ অনুযায়ী অত্র নিরীক্ষা প্রতিবেদন ৬০ দিনের মধ্যে সংশোধনী প্রতিবেদন ও বার্ষিক সাধারন সভার নোটিশ ও কার্যবিবরনী জেলা সমবায় অফিসার,নওগাঁ- মহোদয় বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা গেল।

এস এম জাহাঙ্গার
অডিট অফিসার
**রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ**,
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
সাপাহার, নওগাঁ।

প্রাপক,

সভাপতি/সম্পাদক

**রামরামপুর আশ্রয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ**, সাপাহার, নওগাঁ।

স্মারক নং  তারিখ ঃ ০৩/০৭/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নিরীক্ষা প্রতিবেদনের এক প্রস্থ করে এতদসহ দাখিল করা হলোঃ

০১। জেলা সমবায় অফিসার, নওগাঁ;

০২। উপজেলা সমবায় অফিসার,সাপাহার, নওগাঁ।

এস এম জাহাঙ্গীর
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
সাপাহার, নওগাঁ।